অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/20/2024 **গভর্নর ক্যাথি হোকল**

জলবায়ু সপ্তাহকে সামনে রেখে, গভর্নর হোকল স্টেটব্যাপী 17টি প্রকল্পের জন্য অতিরিক্ত 5.4 মিলিয়ন মার্কিন ডলার আর্বান এবং কমিউনিটি ফরেস্ট্রি অনুদান ঘোষণা করলেন

মুদ্রাস্ফীতি হ্রাস আইন দ্বারা অর্থায়িত প্রকল্পসমূহ সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে বৃক্ষরোপণ করে এবং সম্প্রদায়ের বনভূমির স্থিতিস্থাপকতা বৃদ্ধি করে

বৃক্ষরোপণ প্রকল্পসমূহ গভর্নরের '2033 সালের মধ্যে 25 মিলিয়ন বৃক্ষ' এর লক্ষ্য অর্জনে অবদান রাখবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে ফেডারেল মুদ্রাস্ফীতি হ্রাস আইনের (Inflation Reduction Act, IRA) মাধ্যমে আর্বান এবং কমিউনিটি ফরেস্ট্রি অনুদানের (Urban and Community Forestry Grants) জন্য অতিরিক্ত 5.4 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করা হয়েছে। তহবিলটি 25 জুলাই প্রদান করা 7.1 মিলিয়ন মার্কিন ডলারকে সম্প্রসারিত করে, প্রত্যাশিত প্রকল্পের ফলাফল ও ব্যাপ্তিকে বৃদ্ধি করে, এবং এর ফলে মোট প্রদত্ত অর্থের পরিমাণ হবে 12.5 মিলিয়ন মার্কিন ডলার। এই অর্থ 2033 সালের মধ্যে 25 মিলিয়ন বৃক্ষরোপণ করার জন্য গভর্নর হোকলের 2024 সালের স্টেট অফ দ্য স্টেটের উদ্যোগকে, গাছের ছায়া সম্প্রসারিত করতে এবং আরো সবুজ, আরো স্বাস্থ্যকর সম্প্রদায় গঠন করতে পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান এনভায়রনমেন্টাল বন্ড আইনের (Clean Water, Clean Air and Green Jobs Environmental Bond Act) সাম্প্রতিক প্রতিশ্রুতিকে, এবং নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য বিনিয়োগকে সমর্থন করে।

"সম্প্রদায়ের সবুজ স্থানে বিনিয়োগ করা হলো আমাদের শহর ও টাউনসমূহকে পুনর্জীবিত করার জন্য, এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি টেকসই, স্থিতিস্থাপক ভবিষ্যৎ নিশ্চিত করার জন্য একটি গুরুত্বপূর্ণ ধাপ," **গভর্নর হোকল বলেন।** "এই বিনিয়োগসমূহ আমাদের স্টেটের প্রতিটি কোণায় আরো পরিচ্ছন্ন বাতাস এবং পানি প্রদান করতে সাহায্য করবে, এবং আমাদেরকে আমাদের জলবায়ু লক্ষ্য অর্জনের আরো নিকটে নিয়ে যাবে।"

জলবায়ু পরিবর্তন দ্বারা চালিত বর্ধিত ঝড় এবং চরম আবহাওয়ার সম্মুখীন হয়ে আরো সমতার এবং স্থিতিস্থাপক শহুরে বনভূমি তৈরি করতে স্থানীয় সরকার, অলাভজনক সংগঠন, এবং সম্প্রদায়ের গোষ্ঠীসমূহের মধ্যকার একটি সহযোগিতামূলক প্রয়াসের প্রতিনিধিত্ব করে অর্থায়িত প্রকল্পসমূহ। প্রকল্পসমূহের মনোযোগ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে এবং এর মধ্যে রয়েছে

জনগণকে বৃক্ষরোপণ এবং রক্ষণাবেক্ষণ প্রয়াসে জড়িত করা, সরকারি উন্মুক্ত স্থানে এবং রাস্তার পাশে গাছের ছায়া বৃদ্ধি করার উদ্যোগ। এই প্রয়াসসমূহ গভর্নর হোকলের বৃহত্তর সংরক্ষণ এবং পরিবেশ সংক্রান্ত এজেন্ডার সাথে মানানসই, যার মধ্যে রয়েছে বিদ্যমান উন্মুক্ত স্থান এবং ভূমি সংরক্ষণ লক্ষ্যের উন্নয়ন, স্টেটের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যকে সমর্থন করা, এবং স্টেটব্যাপী পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার অগ্রসর করা।

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) আর্বান এবং কমিউনিটি ফরেস্ট্রি কর্মসূচির মাধ্যমে এই অনুদান পরিচালিত হচ্ছে, যা বৃক্ষের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করতে এবং স্বাস্থ্যকর বন তৈরিতে এবং একই সাথে বাসিন্দাদের জীবনযাত্রার মান সমৃদ্ধ করতে সম্প্রদায়সমূহকে সাহায্য করতে কাজ করে।

IRA এর মাধ্যমে মার্কিন যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগের (U.S. Department of Agriculture, USDA) বন সেবা (Forest Service) থেকে স্টেটের প্রাপ্ত বরাদ্দের মাধ্যমে এই অনুদানের জন্য তহবিল উপলভ্য করা হয়েছে। একটি স্বাস্থ্যকর শহুরে ক্যানোপি এবং বৃক্ষ এবং তাদের প্রদত্ত লাভের সমতার অ্যাক্সেস সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের প্রকল্পকে সমর্থন করতে USDA বন সেবা এই তহবিল বরাদ্দ করছে। বন সেবার আর্বান এবং কমিউনিটি ফরেস্ট্রি কর্মসূচি একটি ব্যাপক ব্যাপ্তির কর্মকাণ্ডের জন্য তহবিলের অনুমোদন প্রদান করে, যেমন, শহুরে বনের ব্যবহার, শহুরে খাদ্যের বন, চরম তাপ প্রশমন, এবং কর্মীবাহিনীর বিকাশ।

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেন, "শহুরে গাছ শুধু আমাদের শহরে প্রকৃতির একটু ছোঁয়া নয়, বরং তারা চরম তাপ প্রশমন করতে, বাতাসের মান উন্নত করতে, এবং জনস্বাস্থ্য সমর্থন করতে সাহায্য করে। জলবায়ু পরিবর্তন এবং অন্যান্য পরিবেশ সংক্রান্ত সমস্যার দ্বারা প্রভাবিত এলাকাসমূহে সবুজ স্থান উন্নত করার মাধ্যমে আমরা সড়ক ও বাসাকে শীতল করি এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য জীবনযাত্রার মান উন্নত করি। বৃক্ষ আমাদের শহুরে ল্যান্ডস্কেপের একটি অপরিহার্য অংশ এবং এটি ভবিষ্যৎ প্রজন্মসমূহের জন্য একটি লিগেসি রেখে যায়।"

22-29 সেপ্টেম্বর, 2024 তারিখে নিউ ইয়র্ক 16তম বার্ষিক জলবায়ু সপ্তাহ পালন করবে। ঘোষণাটির অন্তর্ভুক্ত প্রকল্পসমূহ গ্রিনহাউস গ্যাস নিঃসরণ হ্রাস করতে, সম্প্রদায়সমূহকে আরো স্থিতিস্থাপক করতে, জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করা এবং পরিবেশগত ন্যায়বিচারকে অগ্রসর করার কর্মকাণ্ড অগ্রসর করতে, পরিচ্ছন্ন শক্তিতে রূপান্তরের অংশ হিসেবে ক্রয়ক্ষমতা নিশ্চিত করতে, এবং ভবিষ্যত প্রজন্মের জন্য নতুন কর্মসংস্থান ও সুযোগ সৃষ্টি করা নিশ্চিত করতে নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে সমর্থন করে।

অতিরিক্ত তহবিলপ্রাপ্ত 17টি প্রকল্পের তালিকা অঞ্চল অনুযায়ী নিচে দেওয়া আছে:

Capital Region
Albany County

- অ্যালবানি সিটির সাধারণ সেবা বিভাগ (Department of General Services): অতিরিক্ত 456,705 মার্কিন ডলার নিয়ে মোট 876,965 মার্কিন ডলার; সম্প্রদায়ের বনভূমি ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন

Greene County

- অ্যাথেন্স ভিলেজ: অতিরিক্ত 237,335 মার্কিন ডলার নিয়ে মোট 577,968 মার্কিন ডলার; সম্প্রদায়ের বনভূমি ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন

Rensselaer County

- ট্রয় সিটি: অতিরিক্ত 64,800 মার্কিন ডলার নিয়ে মোট 382,400 মার্কিন ডলার; সম্প্রদায়ের বনভূমি ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন

Central New York

Onondaga County

- সিরাকিউজ সিটি: অতিরিক্ত 414,858 মার্কিন ডলার নিয়ে মোট 910,141 মার্কিন ডলার; সম্প্রদায়ের বনভূমি ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন

Finger Lakes

Genesee County

- ব্যাটাভিয়া সিটি: অতিরিক্ত 306,218 মার্কিন ডলার নিয়ে মোট 758,950 মার্কিন ডলার; সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে অ্যাশ বৃক্ষ ব্যবস্থাপনা

Monroe County

- রোচেস্টার সিটি: অতিরিক্ত 399,250 মার্কিন ডলার নিয়ে মোট 598,875 মার্কিন ডলার; সম্প্রদায়ের বনভূমি ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন

Mid-Hudson Valley

Ulster County

- কিংস্টোন সিটি: অতিরিক্ত 240,824 মার্কিন ডলার নিয়ে মোট 732,375 মার্কিন ডলার; সম্প্রদায়ের বনভূমি ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন

Westchester

- নিউ রোশেল সিটি: অতিরিক্ত 6,600 মার্কিন ডলার নিয়ে মোট 41,600 মার্কিন ডলার; সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে অ্যাশ বৃক্ষ ব্যবস্থাপনা

New York City

The Bronx

- উডলন কঞ্জারভেন্সি ইনকর্পোরেটেড (Woodlawn Conservancy Inc.): অতিরিক্ত 727,962 মার্কিন ডলার নিয়ে মোট 1,201,354 মার্কিন ডলার; সম্প্রদায়ের বনভূমি ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন
- ন্যাচারাল এরিয়াস কঞ্জারভেন্সি ইনকর্পোরেটেড (Natural Areas Conservancy Inc.): অতিরিক্ত 467,510 মার্কিন ডলার নিয়ে মোট 862,168 মার্কিন ডলার; সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে অ্যাশ বৃক্ষ ব্যবস্থাপনা

Brooklyn

- বিগ ইনিশিয়েটিভিস ইনকর্পোরেটেড (Big Initiatives Incorporated): অতিরিক্ত 843,709 মার্কিন ডলার নিয়ে মোট 1,251,166 মার্কিন ডলার; সম্প্রদায়ের বনভূমি ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন - সড়কের বৃক্ষের রক্ষণাবেক্ষণ
- দ্য এভারগ্রিন্স সেমেটারি প্রিজার্ভেশন ফাউন্ডেশন (The Evergreens Cemetery Preservation Foundation): অতিরিক্ত 415,000 মার্কিন ডলার নিয়ে মোট 915,000 মার্কিন ডলার; সম্প্রদায়ের বনভূমি ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন

Manhattan

- দ্য গ্রিন-উড সেমেটারি (The Green-Wood Cemetery): অতিরিক্ত 100,000 মার্কিন ডলার নিয়ে মোট 598,035 মার্কিন ডলার; সম্প্রদায়ের বনভূমি ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন
- র‍্যান্ডালস আইল্যান্ড পার্ক অ্যালায়েন্স ইনকর্পোরেটেড (Randall's Island Park Alliance Inc.): অতিরিক্ত 353,520 মার্কিন ডলার নিয়ে মোট 851,262 মার্কিন ডলার; সম্প্রদায়ের বনভূমি ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন

North Country

Clinton County

- ক্লিন্টন কাউন্টি ভূমি ও পানি সংরক্ষণ জেলা: অতিরিক্ত 231,325 মার্কিন ডলার নিয়ে মোট 460,947 মার্কিন ডলার; সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে অ্যাশ বৃক্ষ ব্যবস্থাপনা

Jefferson County

- ওয়াটারটাউন সিটি: অতিরিক্ত 150,000 মার্কিন ডলার নিয়ে মোট 550,000 মার্কিন ডলার; সম্প্রদায়ের বনভূমি ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন

Western New York

Chautauqua County

- ডানকার্ক সিটি: অতিরিক্ত 35,867 মার্কিন ডলার নিয়ে মোট 158,313 মার্কিন ডলার; সম্প্রদায়ের বনভূমি ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্তবায়ন

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "নিউ ইয়র্ক, আপনাদের কোদাল বের করুন এবং আরো নতুন গাছের জন্য মাটি খুঁড়তে তৈরি হয়ে যান কারণ এর আগে এই গ্রীষ্মকালে আমরা যে 7 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ঘোষণা করেছিলাম তার সাথে আরো 5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হতে যাচ্ছে যা অ্যালবানি থেকে কিংসটোন এবং এর বাইরেও আরো শহুরে বনভূমি তৈরি করবে! মুদ্রাস্ফীতি হ্রাস আইনে এই তহবিল বপন করতে আমি জোর লড়াই করেছি যাতে পুরো নিউ ইয়র্কের শহরগুলির কাছে সেই তহবিলের অ্যাক্সেস থাকে যা আমাদের সবথেকে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে নতুন প্রাণসঞ্চার করার জন্য দীর্ঘদিন ধরে তাদের প্রয়োজন। আরো বৃক্ষের অর্থ হলো আরো পরিচ্ছন্ন, আরো সবুজ, এবং আরো শীতল সম্প্রদায়। এইসব ফেডারেল মার্কিন ডলার যাতে নিউ ইয়র্কের জন্য আরো শীতল এবং আরো সবুজ ভবিষ্যৎ গঠনে ভালোভাবে ব্যবহার করা হয় তা নিশ্চিত করতে গভর্নর হোকলের অংশীদারিত্বের জন্য আমি কৃতজ্ঞ।"

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "আমাদের মুদ্রাস্ফীতি হ্রাস আইনের কারণে আমরা ক্যাপিটাল রিজিয়নে এবং পুরো নিউ ইয়র্ক স্টেটের সম্প্রদায়সমূহে সরাসরি অতি গুরুত্বপূর্ণ সংস্থান প্রদান করার জন্য পদক্ষেপ গ্রহণ করতে পারবো। ফেডারেল তহবিলের এই গুরুত্বপূর্ণ সংযোজন বৃক্ষরোপণ করতে, ছায়ার আচ্ছাদন বৃদ্ধি করতে, এবং আরো স্থিতিস্থাপক শহুরে বনভূমি গঠন করতে সাহায্য করবে, এবং সেই সাথে জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করবে এবং পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচারকে অগ্রসর করবে। IRA এর সাফল্যকে আমরা অগ্রসর করে চলেছি, এবং ঠিক আমাদের বাড়িতেই আমাদের ঐতিহাসিক বিধিমালার লাভের শেকড় স্থাপিত হতে দেখে আমি অতি আনন্দিত।"

প্রতিনিধি প্যাট রায়ান বলেন, "গাছের ঘের একটি সমৃদ্ধ শহরের জন্য অত্যন্ত প্রয়োজন এবং এই ঐতিহাসিক বিনিয়োগ গাছের ছায়ার আচ্ছাদন বৃদ্ধি করবে, জলবায়ু স্থিতিস্থাপকতা উন্নত করবে, এবং একই সাথে ভালো বেতনের চাকরি তৈরি করবে। গত বছর কিংস্টোনের আর্বান ফরেস্ট্রি কর্মসূচিতে ল্যান্ডমার্ক মুদ্রাস্ফীতি হ্রাস আইন থেকে আমি যে 528,600 মার্কিন ডলার প্রদান করেছিলাম তার সাথে এই 240,824 মার্কিন ডলার যোগ হতে দেখে আমি গর্বিত। আগামী বহু প্রজন্মের জন্য হাডসন ভ্যালিকে একটি টেকসই এবং প্রাণবন্ত আবাস বানাতে আমাদের কাজের ক্ষেত্রে সরকারের প্রত্যেক পর্যায়ের কর্মকর্তাদের সাথে কাজ অব্যাহত রাখতে আমি উন্মুখ।"

নিউ ইয়র্কের জলবায়ু লক্ষ্যসমূহকে আরো অগ্রসর করার জন্য গভর্নর হোকলের 2024 স্টেট অফ দ্য স্টেট ভাষণ 2033 সালের মধ্যে স্টেটব্যাপী 25 মিলিয়ন বৃক্ষরোপণের একটি লক্ষ্য প্রতিষ্ঠা করে, এটি পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান এনভায়রনমেন্টাল বন্ড আইন এবং অর্থবছর 2025 এর প্রণীত বাজেট দ্বারা সমর্থিত একটি 47 মিলিয়ন মার্কিন ডলারের প্রয়াস। লক্ষ্যটি স্থিতিস্থাপক পুনর্বনায়ন এবং শহুরে বনভূমিকে সমর্থন করতে বৃক্ষরোপণ করার জন্য একাধিক বছরের বার্ষিক অনুদানের মাধ্যমে স্টেটের বৃক্ষরোপণ প্রয়াসকে পুনর্জীবিত করবে, DEC এর কর্নেল উইলিয়াম এফ ফক্স মেমোরিয়াল সারাটোগা ট্রি নার্সারির (Colonel William F. Fox Memorial Saratoga Tree Nursery) আধুনিকায়ন করবে এবং পরবর্তী প্রজন্মের পরিবেশ বিষয়ক রক্ষণাবেক্ষণকারীদের জড়িত করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন